# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৯৩৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. তৃতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পাঠ ও তার মর্যাদা

---

### আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: إِنَّ الدُّعَاءَ مَوْقُوفٌ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ لَا يَصْعَدُ مِنْهُ شَيْءٌ حَتَّى تُصَلِّيَ عَلَى نبيك. رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

৯৩৮-[২০] ’উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, দু’আ আসমান ও জমিনের মধ্যে লটকিয়ে থাকে। এর থেকে কিছুই উপরে উঠে না যতক্ষণ পর্যন্ত তোমরা তোমাদের নবীর ওপর দরূদ না পাঠাও। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : তিরমিযী ৪৮৬, সহীহ আত্ তারগীব ১৬৭৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি তাদের মতকে আরো শক্তিশালী করে যারা বলে শেষ বৈঠকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পাঠ করা ওয়াজিব।

হাফিয ইবনু হাজার (রহঃ) বলেন, হাদীসটির সমর্থনে মারফূ' হাদীস রয়েছে।

ইতিপূর্বে বর্ণিত ‘আবদুল্লাহ ইবনু মাস্‘ঊদ (রাঃ)-এর হাদীস- ‘‘যে ব্যক্তি তাশাহুদ পড়বে, তারপরে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পাঠ করবে, অতঃপর নিজের জন্য দু‘আ করবে।’’

দরূদ শেষে দু‘আ ও সালাত শেষ বা পরিসমাপ্তির পদ্ধতি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন